



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/28/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর ক্যাথি হোকল এর বিবৃতি

"ফেডারেল সরকার 3 ট্রিলিয়ন ডলারের ফেডারেল তহবিল প্রত্যাহার করে নেওয়ার হুমকি দিয়ে নিজেদের মেমো প্রকাশ করার পর থেকে গত কয়েক ঘণ্টায় কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসী আশঙ্কার কথা জানিয়েছেন যে এই নজিরবিহীন পদক্ষেপ তাদের স্বাস্থ্যসেবা ছিনিয়ে নিবে, তাদের স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর অর্থায়ন বন্ধ করবে, সড়ক ও সেতুর মেরামত কাজে প্রতিবন্ধকতা তৈরি করবে এবং আরো অনেক ক্ষতি করবে।

"ফেডারেল সরকার নিউ ইয়র্ককে এই অর্থ প্রদান করার অঙ্গীকার করেছে — তাদেরকে অবশ্যই তাদের কথা রাখতে হবে। একারণে, এসব তহবিল যাতে প্রতিশ্রুতি অনুযায়ী, এবং আইনের আবশ্যিকতা অনুযায়ী নিউ ইয়র্কে পৌঁছে যায় সে বিষয়টি নিশ্চিত করতে নতুন আইনি ব্যবস্থা গ্রহণের জন্য আমি অ্যাটর্নি জেনারেল Letitia James (লেটিশিয়া জেমসের) সাথে কাজ করছি। এবং এই বিচারিক প্রক্রিয়া শুরু হতে যাওয়ার এই সময়ে কংগ্রেসে নিউ ইয়র্কের রিপাবলিকান নেতৃত্বদকে অবশ্যই এগিয়ে আসতে হবে এবং আমাদের স্টেট, আমাদের লোকজন, এবং আমাদের ফেডারেল তহবিলকে সুরক্ষিত রাখার জন্য তাদের প্রভাবকে কাজে লাগাতে হবে।

"আমি প্রতিনিয়ত বলে আসছি: নিউ ইয়র্ককে ব্যয়সাধ্য এবং আরো নিরাপদ করে তোলার জন্য সহযোগিতা করতে ইচ্ছুক যেকোনো দলের যেকোনো ব্যক্তির সাথে আমি কাজ করবো। কিন্তু আমরা কখনোই এই স্টেটের লোকজনের পক্ষে লড়াই করতে দ্বিধা করবো না।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)